# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

**Pre Test Examination - 2018**

**Class : 10**

SUB : Bengali — F.M.: 75

DURATION:2 Hrs30Mins — DATE:26.07.2018

## বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নাও ঃ- (১x১৭=১৭)

১.১ মেসোর মতে খুন জখম অ্যাক্সিডেন্ট নিয়ে গল্প লেখে —
(ক) তপনের বয়সি ছেলেমেয়েরা (খ) ছোট ছেলেরা
(গ) বৃদ্ধেরা (ঘ) প্রবীন লেখকরা

১.২ কিম্বা যথা বৃহন্নলারূপী —
(ক) উত্তর (খ) অভিমন্যু
(গ) কিরীটি (ঘ) বিরাট

১.৩ ফিনিসীয়রা কলম বানাত —
(ক) বাঁশ দিয়ে (খ) হাড় দিয়ে
(গ) কাঠ দিয়ে (ঘ) পাখির পালক দিয়ে

১.৪ বাঁশের ড্রাইভারের নাম ছিল —
(ক) হরি (খ) কাশীনাথ
(গ) দীননাথ (ঘ) হরনাথ

১.৫ তপন দুপুরবেলা গল্প লিখতে থাকে —
(ক) হোমটাস্কের খাতায় (খ) ম্যাপ খাতায়
(গ) অঙ্কের খাতায় (ঘ) সাদা খাতায়

১.৬ নতুনের কেতনকে মনে হচ্ছে —
(ক) বড়ো ধ্বজা (খ) বিকেলের সূর্য
(গ) কালবোশেখির ঝড় (ঘ) বর্ষায় বাদল

১.৭ যেখানে নিভৃত অবকাশে আফ্রিকা সংগ্রহ করেছে —
(ক) দুর্গমের রহস্য (খ) পাহাড়ের রহস্য
(গ) গিরিখাদের রহস্য (ঘ) ধ্বসের রহস্য

১.৮ 'বিদায় এবে দেহ —
(ক) বিধুমুখী (খ) চন্দ্রমুখী
(গ) পুষ্যমুখী (ঘ) সূর্যমুখী

১.৯ তপনের চেয়ে তার ছোট মাসি বড় —
(ক) ছয় বছরের (খ) আট বছরের
(গ) দশ বছরের (ঘ) বারো বছরের

১.১০ 'লাঠি তোমার দিন ফুরাইয়াছে।' কথাটি লিখেছেন —

(ক) শ্রীপান্থ (খ) রবীন্দ্রনাথ

(গ) সুকান্ত ভট্টাচার্য (ঘ) বঙ্কিমচন্দ্র

১.১১ দ্বন্দ্ব সমাসকে কয় ভাগে ভাগ করা যায়?

(ক) দুই (খ) তিন

(গ) চার (ঘ) পাঁচ

১.১২ ক্রিয়ার বিষয়কে বলা হয় —

(ক) অব্যয় (খ) সর্বনাম

(গ) কর্ম (ঘ) করণ

১.১৩ অপাদান কারককে কয়টি শ্রেণীতে ভাগ করা যায়?

(ক) দুই (খ) তিন

(গ) চার (ঘ) পাঁচ

১.১৪ যে বস্তু বা ব্যক্তির তুলনা করা হয়, তাকে বলে —

(ক) উপমেয় (খ) উপমান

(গ) উপমিত (ঘ) রূপক

১.১৫ কোন সমাসে সমস্যমান পদের বিভক্তি চিহ্ন লোপ পায় না?

(ক) নিত্য সমাস (খ) অব্যয়ীভাব

(গ) দ্বন্দ্ব (ঘ) অলুক সমাস

১.১৬ কোনির প্রধান অপোনেন্ট কী ছিল?

(ক) যন্ত্রণা (খ) সময়

(গ) দুটিই (ঘ) কোনোটিই নয়

১.১৭ কে কোনিকে পা ধোয়া জল খাওয়াবে বলেছিল?

(ক) অমিয়া (খ) বেলা

(গ) সুহাস (ঘ) হিয়া

২। **কমবেশি ১৫টি শব্দে উত্তর দাও ঃ-** **(১x১৯=১৯)**

২.১ তপনের লেখা কোন গল্পটি 'সন্ধ্যাতারায়' ছাপা হয়?

২.২ ফাউন্টেন পেনকে বাংলায় কি বলা হয়? নামটি কার দেওয়া?

২.৩ 'হৈমবতীসুত যথা নাশিতে তারকে' — অর্থ লেখো।

২.৪ 'মহাকালের চণ্ডরূপে' — মহাকাল কে?

২.৫ জগদীশবাবু সন্ন্যাসীকে কি দিয়েছিলেন?

২.৬ 'ছায়াবৃতা' বলতে কাকে বোঝানো হয়েছে?

২.৭ তপন ছাপানো গল্পটি দেখে কি প্রতিজ্ঞা করে?

২.৮ কাদের ছবিতে পালকের কলম দেখা যায়?

২.৯ বাইজির ছদ্মবেশে হরিদার রোজগার কত হয়েছিল?
২.১০ আফ্রিকাকে কোথায় বেঁধে রাখা হল?
২.১১ 'গগনতলের নীল খিলান' কি?
২.১২ ইন্দ্রজিতের ধাত্রীমাতা আসলে কে?
২.১৩ বিভক্তি কয় প্রকার ও কি কি?
২.১৪ সম্বন্ধ পদ কাকে বলে?
২.১৫ সমাহার দ্বিগু সমাস কাকে বলে? উদাহরণ দাও।
২.১৬ সহার্থক বহুব্রীহি সমাস কাকে বলে? উদাহরণ দাও।
২.১৭ লীলাবতীর পোষ্য বিড়াল দুটির নাম কি?
২.১৮ অমিয়া ও বেলা জুপিটার ছেড়ে কেন অ্যাপেলো ক্লাবে গিয়েছিল?
২.১৯ কোনিদের সংসার কিভাবে চলে?

**৩। প্রসঙ্গ নির্দেশ করে কমবেশি ৬০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ-(৩x১=৩)**

৩.১ 'তব শরে মরিয়া বাঁচিল' - কার শরে কে মরেও বেঁচে উঠল প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো।
৩.২ 'দিগন্তের কাঁদন লুটায় পিঙ্গল তার ত্রস্ত জটায়।' — তাৎপর্য বিশ্লেষণ করো।

## <u>বিভাগ - খ</u>

**৪। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৫=৫)**

৪.১ 'আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন।' - কার দুঃখের দিন? বিশদভাবে আলোচনা করো। (১+৪)
৪.২ সুবোধ ঘোষের 'বহুরূপী' গল্পের হরিদার চরিত্রটি বিশ্লেষণ করো।

**৫। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৫=৫)**

৫.১ সিরাজ ও ইংরেজ প্রতিনিধি ওয়াটসের কথোপথনের বিবরণ দাও। এর মধ্যে দিয়ে উভয়ের চরিত্রের কি কি বৈশিষ্ট্য ফুটে উঠেছে। (২+৩)
৫.২ 'মুন্সিজী, এই পত্রের মর্ম সভাসদদের বুঝিয়ে দিন।' — প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো।

**৬। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৫=৫)**

৬.১ প্রলয়োল্লাস' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো।
৬.২ 'জিজ্ঞাসিলা মহাবাহু বিস্ময় মানিয়া' — মহাবাহুর বিস্ময়ের কারণ কি? বিস্মিত হবার পর তিনি যে যে কাজ করেছিলেন তার বর্ণনা দাও। ১+৪

৭। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৫=৫)

৭.১ 'এটাই ওকে উত্তেজিত করে বোমার মতো ফাটিয়ে দেবে আসল সময়ে।' — প্রসঙ্গ উল্লেখ করে কথাটির মর্মার্থ বুঝিয়ে দাও।

৭.২ 'দুচোখে ঘৃণা আর আক্রোশ।' কার চোখে কেন ঘৃণা আর আক্রোশ — প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো।

৮। চলিত গদ্যে অনুবাদ কর ঃ- ৪

An honest person gets honour and respect from all. It is easy to feel the honesty of a man. But it is very hard to judge a man as the dishonest man pretends to be good. A liar wants to prove that he is honest. A cheat shows him honest. But actually they are not so.

৯। কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর ঃ- ৭

৯.১ শিক্ষাবিস্তারে গণমাধ্যমগুলির ভূমিকা

৯.২ শিষ্টাচার ও ছাত্রসমাজ

১০। দূরদর্শনের গুণাগুন নিয়ে দুই বন্ধুর মধ্যে সংলাপ রচনা করো। ৫

***************

Amit Kundu
27/07/18

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## Pre-Test (Model Answer)

**Sub:** BENGALI **Class:** 10A/10B/10C/10D **F. M.** 75

**Duration:** 2 Hours 30 Minutes **Date:** 26.07.2018

বিভাগ - ক

১। সঠিক উত্তরটি বেছে নাও ঃ- (১x১৭=১৭)

১.১ মেসোর মতে খুন জখম অ্যাক্সিডেন্ট নিয়ে গল্প লেখে —

(ক) তপনের বয়সি ছেলেমেয়েরা

১.২ কিম্বা যথা বৃহন্নলারূপী —

(গ) কিরীটি

১.৩ ফিনিসীয়রা কলম বানাত —

(খ) হাড় দিয়ে

১.৪ বাসের ড্রাইভারের নাম ছিল —

(খ) কাশীনাথ

১.৫ তপন দুপুরবেলা গল্প লিখতে থাকে —

(ক) হোমটাস্কের খাতায়

১.৬ নতুনের কেতনকে মনে হচ্ছে —

(গ) কালবোশেখির ঝড়

১.৭ যেখানে নিভৃত অবকাশে আফ্রিকা সংগ্রহ করেছে —

(ক) দুর্গমের রহস্য

১.৮ 'বিদায় এবে দেহ —'

(ক) বিধুমুখী

১.৯ তপনের চেয়ে তার ছোট মাসি বড় —

(খ) আট বছরের

১.১০ 'লাঠি তোমার দিন ফুরাইয়াছে।' কথাটি লিখেছেন —

(ঘ) বঙ্কিমচন্দ্র

১.১১ দ্বন্দ্ব সমাসকে কয় ভাগে ভাগ করা যায়?

(খ) তিন

১.১২ ক্রিয়ার বিষয়কে বলা হয় —

(গ) কর্ম

১.১৩ অপাদান কারককে কয়টি শ্রেণীতে ভাগ করা যায়?

(গ) চার

১.১৪ যে বস্তু বা ব্যক্তির তুলনা করা হয়, তাকে বলে —
 (ক) উপমেয়

১.১৫ কোন সমাসে সমস্যমান পদের বিভক্তি চিহ্ন লোপ পায় না?
 (ঘ) অলুক সমাস

১.১৬ কোনির প্রধান অপোনেন্ট কী ছিল?
 (গ) দুটিই

১.১৭ কে কোনিকে পা ধোয়া জল খাওয়াবে বলেছিল?
 (ক) অমিয়া

২। কমবেশি ১৫টি শব্দে উত্তর দাও ঃ- (১x১৯=১৯)

২.১ 'প্রথম দিন' গল্পটি।

২.২ ঝরণা কলম। রবীন্দ্রনাথ ঠাকুরের।

২.৩ পার্বতীর পুত্র (কার্তিক) যেমন তারকাসুরকে বধ করেছিলেন।

২.৪ 'মহাকাল' শিবের অপর নাম। এই শিব অশুভ শক্তিনাশকারী ধ্বংসের দেবতা।

২.৫ একজোড়া কাঠের খড়মে সোনার বল লাগিয়ে দিয়েছিলেন।

২.৬ অরণ্যবেষ্টিত রাষ্ট্র আফ্রিকাকে।

২.৭ তপন প্রতিজ্ঞা করে, এবার সে নিজে গল্প লিখবে এবং নিজেই পত্রিকায় দিয়ে আসবে, তাতে গল্প ছাপা হোক বা না হোক।

২.৮ উইলিয়াম জোন্স বা কেরী সাহেবের ছবির সামনে দেখা যায় দোয়াতে গোঁজা পালকের কলম।

২.৯ আট টাকা দশ আনা।

২.১০ বনস্পতির নিবিড় পাহাড়ায়।

২.১১ মেঘমুক্ত বিশাল প্রশান্ত নীল আকাশ।

২.১২ প্রকৃতপক্ষে ছদ্মবেশী অম্বুরাশি-সুতা অর্থাৎ সমুদ্রকন্যা লক্ষ্মীদেবী।

২.১৩ দুই প্রকার — (১) শব্দ বিভক্তি, (২) ধাতু বিভক্তি।

২.১৪ কারক সম্পর্কের বাইরে নামপদের সঙ্গে অন্বয় বিশিষ্ট পদকে বলে সম্বন্ধ পদ।

২.১৫ যে দ্বিগু সমাসের সমস্ত পদ এককালে বহু ব্যক্তি বা বস্তুর সমষ্টি বা সমাহারকে বোঝায়। যেমন — ত্রিভুবন — ত্রি (তিন) ভুবনের সমাহার।

২.১৬ 'সহিত' বা 'সম' সূচক পদের সঙ্গে বিশেষ্য পদের সমাসে যে বহুব্রীহি সমাস নিষ্পন্ন হয় তাকে বলে সহার্থক বহুব্রীহি। যেমন - সস্ত্রীক - স্ত্রীর সহিত বর্তমান।

২.১৭ লীলাবতীর পোষ্য দুটি বেড়ালের নাম — বিশু ও খুশি।

২.১৮ অমিয়া ও বেলাকে ক্ষিতীশ চুল কাটতে বলেছিলেন ও তাদের বারবেল নিয়ে এক্সারসাইজ করতে বলায় রাগ করে তারা অ্যাপোলো ক্লাবে যোগ দেয়।

২.১৯ কোনির বাবা নেই। বড়ো দাদা রাজাবাজারে একটি মোটর গ্যারেজে কাজ করে ও ওভারটাইম করে ১৫০ টাকা পায়। তাতেই তাদের সংসার চলে।

৩। প্রসঙ্গ নির্দেশ করে কমবেশি ৬০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (৩x১=৩)

৩.১ নৈশযুদ্ধে রামচন্দ্রের মৃত্যু ঘটেছে মেঘনাদের হাতে, কিন্তু তাঁর শরাঘাতে মৃত রাম আবার বেঁচে উঠেছেন যেন মায়ার প্রভাবে। এই প্রসঙ্গ নিয়ে আলোচনা করতে হবে।

৩.২ 'প্রলয়োল্লাস' কবিতা। দক্ষযজ্ঞের সময়ে সতীর দেহত্যাগ ও উন্মত্ত শিবের প্রলয় নৃত্যের প্রসঙ্গকে উল্লেখ করে প্রকৃতির ভয়ংকরতার সঙ্গে উপমিত করতে হবে।

## বিভাগ - খ

৪। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৫=৫)

৪.১ তপনের। 'সন্ধ্যাতারা' পত্রিকায় তপনের লেখা সম্পূর্ণ পরিমার্জিত হয়ে ছাপা হয়। তা দেখে তপন নিজের বলে চিনতে পারে না। মেসো কারেকশান করেছেন পুরোটা। তখনই তার মনে দুঃখ ও অভিমান হয়। তাই এই কথা বলা হয়েছে।

৪.২ 'বহুরূপী' গল্প অবলম্বনে চরিত্র আলোচনা করতে হবে।

৫। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৫=৫)

৫.১
- বাংলা পাঠ্যবই-এর পৃষ্ঠা সংখ্যা (৮৩-৮৫) দ্রষ্টব্য।
- দুজনের উক্তির সূত্রে চরিত্র বৈশিষ্ট্য লিখতে হবে।

৫.২ বাংলা পাঠ্য বইয়ের পৃষ্ঠা সংখ্যা ৮৪ দ্রষ্টব্য।

৬। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৫=৫)

৬.১ নামকরণ কি? এর প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে বিষয়বস্তুর নিরিখে আলোচনা করতে হবে।

৬.২
- 'অভিষেক' কাব্যাংশে মহাবাহু ইন্দ্রজিৎ বিস্মিত কারণ তিনি জানেন রামচন্দ্র তার সঙ্গে নিশীথ যুদ্ধে নিহত অথচ তার ভাই বীরবাহুকে কিভাবে রামচন্দ্র হত্যা করলেন তা শুনে তার বিস্ময়।
- পাঠ্য বইয়ের পৃষ্ঠা সংখ্যা (৮০-৮১) দ্রষ্টব্য।

৭। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ- (১x৫=৫)

৭.১ 'কোনি' উপন্যাসের নবম অধ্যায় দ্রষ্টব্য।

৭.২ 'কোনি' উপন্যাসের নবম অধ্যায় দ্রষ্টব্য।

৮। চলিত গদ্যে যথাযথ ভাবানুবাদ করতে হবে। ৪

৯। কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা কর ঃ- ৭

৯.১ • ভূমিকা ও উপসংহারসহ মূল বিষয়ের আলোচনা অনুচ্ছেদ বিভাজন করে লিখবে।

৯.২ • ভূমিকা ও উপসংহারসহ মূল বিষয়ের আলোচনা অনুচ্ছেদ বিভাজন করে লিখবে।

১০। দুই বন্ধুর কাল্পনিক নামসহ বিষয়ানুযায়ী সংলাপ রচনা করো।

***************